

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই এই হুকুম ঐ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যার সামনে হাওদার পিছনের কাষ্ঠ বরাবর কোন কিছু (সুতরা হিসেবে) না থাকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْحُكْمَ إِنَّمَا يَكُونُ لِمَنْ لَمْ يَكُنْ بَيْنَ يَدَيْهِ كَآخِرَةِ الرَّحْلِ

## আরবী

2376 \_ أَخْبُرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ الْبُخَارِيُّ بِبَغْدَادَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِسْحَاقَ الْأَذْرَمِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ عَطَاءٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عن حُمَيْدُ بْنُ هِلَلْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ قَالَ: سَأَلْتُ أَبًا ذَرِّ عَمَّا يَقْطَعُ الصَّلَاةَ فَقَالَ: إِذَا لَمْ يَكُنْ بَيْنَ يَدَيْكَ كَآخِرَةِ الرَّحْلِ: الْمَرْأَةُ وَالْحِمَارُ وَالْكَلْبُ الْأَسْوَدُ قُلْتُ: مَا بَالُ إِذَا لَمْ يَكُنْ بَيْنَ يَدَيْكَ كَآخِرَةِ الرَّحْلِ: الْمَرْأَةُ وَالْحِمَارُ وَالْكَلْبُ الْأَسْوَدُ قُلْتُ: مَا بَالُ اللَّهُ عَلَيْهِ الْأَسْوَدِ مِنَ الْأَسْوَدُ مِنَ الْأَبْيَضِ؟ قَالَ: يَا ابْنَ أَخِي سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا سَأَلْتَثِي فَقَالَ: (الكلب الأسود شيطان) الراوي : عَبْد اللَّهِ بْن الصَّامِتِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : الراوي : عَبْد اللَّهِ بْن الصَّامِتِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصقحة أو الرقم: 2376 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1376 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) قالَ أَبُو حَاتِم: الأَذْرَمَةُ قَرْيَةٌ مِنْ قُرَى نصيبين.

## বাংলা

২৩৭৬. আব্দুল্লাহ বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলাম, কীসে সালাত বিনষ্ট করে দেয়?" জবাবে তিনি বলেন, "যখন তোমার সামনে হাওদার পিছনের কাষ্ঠ বরাবর কোন কিছু (সুতরা হিসেবে) না থাকবে, তখন নারী, গাধা ও কালো কুকুর সালাতকে বিনষ্ট করে দিবে।"

রাবী বলেন, "আমি বললাম, সাদা, হলুদ রং বাদ দিয়ে কালোর কী হলো?" জবাবে তিনি বলেন, "ভাতিজা, তুমি



আমাকে যেমন প্রশ্ন করেছো, আমি তদ্রুপ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছিলাম, জবাবে তিনি বলেছিলেন, "কালো কুকুর হলো শয়তান।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আযরিমাহ হলো নাসীবীনের একটি শহরের নাম।"

## ফুটনোট

[1] দারেমী: ১/৩২৯; তাবারানী আস সাগীর: ১১৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৩০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৪৮; তাবারানী আল কাবীর: ১৬৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ বিন সামিত (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন